



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে স্কুল শুরু হওয়ার প্রথম দিনে সাবওয়ে যাত্রীর রেকর্ড তৈরি হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

*9 সেপ্টেম্বর তারিখে, সাবওয়ে 3.61 মিলিয়ন যাত্রী বহন করেছে যা 2020 সালের মার্চ মাসের পর থেকে সর্বোচ্চ*

*LIRR এবং মেট্রো-নর্থ এর যাত্রীর রেকর্ড গড়ার পরের দিন সাবওয়েতে এই রেকর্ড তৈরি হয়েছে*

*সাবওয়ে এবং বাসগুলো 5 মিলিয়ন যাত্রী বহন করেছে, যা 2022 সালের বসন্তকালের পর থেকে সম্মিলিত সর্বোচ্চ সংখ্যা*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক সিটির সাবওয়ে এবং বাসগুলো নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে স্কুল শুরু হওয়ার প্রথম দিনে পাঁচ মিলিয়নেরও বেশি যাত্রী বহন করেছে। 9 সেপ্টেম্বর, বৃহস্পতিবার সাবওয়েগুলো 3,641,033 জন যাত্রী বহন করে যাত্রী সংখ্যার একটি রেকর্ড তৈরি করেছে, যা 2021 সালের তুলনায় 34.8 শতাংশ বেশি। এই রেকর্ড 12 মার্চ, 2020 তারিখে কোভিড-19 মহামারীর শুরুর পর থেকে এক দিনে সাবওয়েতে যাত্রীর সর্বোচ্চ সংখ্যা। বৃহস্পতিবারে বাসের যাত্রী সংখ্যা 1.4 মিলিয়ন অতিক্রম করেছে, যেখানে প্রাথমিক গণনায় মোট যাত্রী সংখ্যা 1,412,574 বলে জানা গেছে, গণনা সম্পন্ন হলে যেটি আনুমানিক 15 শতাংশ বাড়তে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে।

"এই সপ্তাহে নিউ ইয়র্কবাসীদেরকে স্কুলে ও কর্মস্থলে ফিরে আসতে স্বাগত জানানোর এই সময়ে, আমি আমাদের রেকর্ড-ভঙ্গকারী যাত্রী সংখ্যা নিয়ে গর্বিত," বলেছেন গভর্নর হোকল। "গণপরিবহন নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তি, এবং মহামারীর আগের সময়ের যাত্রী সংখ্যার স্তরে ফিরে যাওয়ার জন্য অব্যাহতভাবে কাজ করে যাওয়ার এই সময়ে আমরা এই অগ্রগতিকে আরো সামনে এগিয়ে নিয়ে যাবো।"

**MTA-এর সভাপতি ও CEO জ্যানো লিয়েবের বলেন,** "শিক্ষার্থী ও শিক্ষকরা হচ্ছে সবচেয়ে একনিষ্ঠ ট্রানজিট যাত্রী। এই সিটিতে বেড়ে উঠেছেন এমন যেকোনো ব্যক্তি তাদের প্রথম মেট্রো কার্ড পাওয়ার কথা এবং তাদের পরিবার বা বন্ধুবান্ধবের সঙ্গে ট্রেনে বা বাসে যাতায়াত করার কথা

মনে রাখবেন। আমরা শিক্ষার্থীদেরকে গণপরিবহনে ফিরে পেয়ে আনন্দিত এবং সেপ্টেম্বরের পুরো প্রথম সপ্তাহজুড়ে যাত্রী সংখ্যার অগ্রগতি দেখে উৎসাহিত বোধ করছি।"

**নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit President) প্রেসিডেন্ট রিচার্ড ড্যাভি বলেন,** "NYC ট্রানজিট পুরো গ্রীষ্মকাল ধরে শিক্ষার্থীদের ফিরে আসার জন্য প্রস্তুতি নিয়েছে, এবং তাদের ফিরে পেয়ে আমরা আনন্দিত। সবাই যাতে প্রথম পিরিয়ডের জন্য সময়মতো স্কুলে পৌঁছাতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে আমরা বাস ও ট্রেনের সংখ্যা বৃদ্ধি করা এবং ভ্রমণের সময় কমিয়ে আনার উপায় খুঁজছি।"

কমিউটার রেলরোডে যাত্রী সংখ্যার দুইটি রেকর্ড তৈরি হওয়ার পরে সাবওয়ায়েতে এই রেকর্ড তৈরি হলো। লং আইল্যান্ড রেল রোড 2020 সালের মার্চ মাসের পরে এই প্রথম বারের মতো সপ্তাহের কোনো দিনে যাত্রী সংখ্যা 200,000 অতিক্রম করে 7 সেপ্টেম্বর তারিখে 203,983 জন যাত্রী বহন করেছে। সেই একই দিনে, মেট্রো-নর্থ রেলপথ রেকর্ড সংখ্যক 179,268 যাত্রী বহন করে 28 জুন তারিখে রেলপথটির 174,900 জন যাত্রী বহনের পূর্বের রেকর্ড ভেঙে ফেলেছে।

নতুন স্কুল বছরের প্রস্তুতির জন্য, MTA পাঁচটি বরোর সবগুলি জুড়ে স্কুল বছরের বাকি দিনগুলির জন্য সপ্তাহের কর্মদিবসগুলিতে অতিরিক্ত বাস মোতায়ন করেছে। উপরন্তু, MTA শিক্ষার্থীদের, তাদের পরিবার এবং পরিচর্যাকারীদের জুন মাসে শুরু হওয়া নতুন ব্রঙ্কস লোকাল বাস নেটওয়ার্ক রিডিজাইন (Bronx Local Bus Network Redesign) রুটগুলিতে পথনির্দেশ দিতে সাহায্য করার জন্য ব্রঙ্কসে কাস্টমার অ্যাসাসাডর প্রদান করেছে। স্কুলের প্রথম চার দিন, 8, 9, 12, ও 13 সেপ্টেম্বর অ্যাসাসাডরদের পাওয়া যাবে।

MTA এই বছরের শুরু থেকে ভাড়া ছাড় দিয়ে যাত্রীদের উৎসাহিত করে চলেছে।

কর্তৃপক্ষ সাপ্তাহিক সাবওয়ায়ে ও বাসের ভাড়ার একটি সর্বোচ্চ সীমা আরোপ করে তার স্পর্শহীন ভাড়া পরিশোধ ব্যবস্থা OMNY-এর মাধ্যমে সাবওয়ায়ে এবং বাসগুলিতে একটি ভাড়ার সীমা আরোপের পাইলট চালু করেছে। ভাড়ার উর্ধ্বসীমা সীমিত করার পাইলটে একটি "লাকি 13" বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত যেখানে প্রতি সপ্তাহের 13তম যাত্রা থেকে শুরু করে, সাবওয়ায়ে বা বাসে প্রতিটি অতিরিক্ত যাত্রা সেই সপ্তাহের বাকি দিনগুলির জন্য বিনামূল্যে করা যাবে।

কমিউটার রেলে, LIRR এবং মেট্রো-নর্থ উভয়েই ভাড়া সংক্রান্ত বিভিন্ন অফার প্রদান করেছে, যার মধ্যে মাসিক পাসের জন্য 10 শতাংশ ছাড়, এবং কর্মস্থলে গমনের মিশ্র সময়সূচির কথা বিবেচনায় নিয়ে নতুন 20-ট্রিপের টিকিট চালু করা অন্তর্ভুক্ত রয়েছে। নতুন 20-ট্রিপের টিকিটটি যাত্রীদের সাধারণ ব্যস্ত সময়ে ওয়ান-ওয়ে ভাড়ায় 20 শতাংশ সাশ্রয় করে। MTA পাঁচটি বরোর মধ্যে ভ্রমণকারী রেলযাত্রীদের জন্য সপ্তাহের কর্মদিবসে সমস্ত অফ-পিক ট্রেনকে অন্তর্ভুক্ত করার জন্য সিটি টিকিটও প্রসারিত করেছে, যা সপ্তাহান্তে নিউ ইয়র্ক সিটির মধ্যে রেল ভ্রমণের জন্য হ্রাসপ্রাপ্ত, 5.00 মিলিয়ন ডলার ফ্ল্যাট ভাড়া অফার করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418